

## 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২৬

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৫০. নাবী (ﷺ) এর অযুর বিবরণ

# باب صِفَةِ وُضُوءِ النَّبِيِّ صلى الله عليه وسلم

### আরবী

حَدَّثَنَا مُسَدَّدُ، حَدَّثَنَا بِشِّرُ بْنُ الْمُفَضَلِ، حَدَّثَنَا عَبْدُ اللهِ بْنُ مُحَمَّدِ بْنِ عَقِيلٍ، عَنِ الرَّبَيِّعِ بِنْتِ مُعَوِّذِ ابْنِ عَقْرَاءَ، قَالَتْ: كَانَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم يَأْتِينَا، فَحَدَّثَنَا أَنَّهُ قَالَ " اسْكُبِي لِي وَضُوءً " . فَذَكَرَتْ وُضُوءَ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم، قَالَتْ فَيهِ: فَعَسَلَ كَقَيْهِ ثَلَاتًا، وَوَضَّا وَجْهَهُ ثَلَاتًا، وَمَضْمَضَ وَاسْتَنْشَقَ مَرَّةً، وَوَضَّا يَدَيْهِ ثَلَاتًا وَبُطُونِهِمَا فَعَسَلَ كَقَيْهِ كِلْتَيْهِمَا ظُهُورِهِمَا وَبُطُونِهِمَا، وَوَضَّا رَجْلَيْهِ ثَلَاتًا ثَلَاتًا .

ـ حسن

#### বাংলা

১২৬। রুবাই' বিনতু মু'আবিবয ইবনু 'আফরা (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদের নিকট আসতেন। বর্ণনাকারী বলেন, একদা তিনি বললেনঃ আমার জন্য অযুর পানি ঢেলে দাও। বর্ণনাকারী রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অযুর বর্ণনা দিতে গিয়ে বলেন, তিনি তিনবার উভয় হাত কব্ধি পর্যন্ত ধুলেন। তিনবার মুখ ধুলেন। একবার কুলি করলেন এবং নাকে পানি দিলেন। তিনবার করে উভয় হাত (কনুই পর্যন্ত) ধুলেন। মাথা মাসাহ্ করলেন দু'বার। (মাথা মাসাহ্) প্রথমে পিছন দিক থেকে শুরু করলেন, এরপর সামনের দিক থেকে। তিনি উভয় কানের বাহির ও ভিতরের অংশও মাসাহ্ করলেন এবং তিনবার করে উভয় পা ধলেন।[1]

হাসান।

## **English**



Narrated Ar-Rubayyi' daughter of Mu'awwidh ibn Afra':

The Messenger of Allah () used to come to us. He once said: Pour ablution water on me. She then described how the Prophet () performed ablution saying: He washed his hands up to wrist three times and washed his face three times, and rinsed his mouth and snuffed up water once. Then he washed his forearms three times and wiped his head twice beginning from the back of his head, then wiped its front. He wiped his ears outside and inside. Then he washed his feet three times.

Abu Dawud said: The tradition narrated by Musaddad carries the same meaning.

### ফুটনোট

[1] তিরমিয়ী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ মাথার পিছন থেকে সামনের দিকে মাসাহ্ করা, হাঃ ৩৩, ইমাম তিরমিয়ী বলেন, এ হাদীসটি হাসান। তবে 'আব্দুল্লাহ ইবনু যায়িদের হাদীস এ হাদীসের তুলনায় অধিকতর সহীহ ও নির্ভরযোগ্য), ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ কর্ণদ্বয় মাসাহ্ করা, হাঃ ৪৪০), দারিমী (অধ্যায়ঃ পবিত্রতা, হাঃ ৬৯০), আহমাদ (৬/৩৫৮, ৩৫৯)।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ রুবায়্যি বিনতু মু'আব্বিয (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন